

৪/৫/২১

Ms. Sayeda
৪/৫/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd



নং-৫২.০১.০০০০.১০৪.১২.০০৮.২১. ৩৯৯৪

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্বখাতভুক্ত (ক) সঁটিলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, প্রধান সহকারী এবং (খ) হিসাবরক্ষক, ক্যাশিয়ার-কাম ইউডিএ ও স্টোর কিপার পদ হতে 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর আলোকে 'সঁটিলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, প্রধান সহকারী' পদে অনূ্যন ০৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা এবং 'হিসাবরক্ষক, ক্যাশিয়ার-কাম ইউডিএ ও স্টোর কিপার' পদে অনূ্যন ০৯ (নয়) বৎসরের চাকরির অভিজ্ঞতার শর্তে 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতির বিধান রয়েছে। এ প্রেক্ষিতে পদোন্নতির কার্যক্রম গ্রহণের নিমিত্ত কর্মরত (ফিডার পদের চাকরি পূর্ণ হয়েছে এমন) সঁটিলিপিকার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রধান সহকারী, হিসাবরক্ষক, ক্যাশিয়ার-কাম ইউডিএ ও স্টোর কিপার পদধারীগণের নিম্নবর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদি আগামী ২০/০৬/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। পদোন্নতির জন্য আবেদনপত্র;
- ২। হালনাগাদ চাকরি বহি;
- ৩। বার্ষিক গোপনীয় অনুবেদন 'সঁটিলিপিকার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রধান সহকারী' পদধারীদের ২০১৪-২০২০ পর্যন্ত ০৭ (সাত) বৎসরের;
- ৪। বার্ষিক গোপনীয় অনুবেদন 'হিসাবরক্ষক, ক্যাশিয়ার-কাম ইউডিএ ও স্টোর কিপার' পদধারীদের ২০১২-২০২০ পর্যন্ত ০৯ (নয়) বৎসরের;
- ৫। প্রার্থীর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/ফৌজদারী মামলা/দুদকের মামলা নেই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রত্যায়নপত্র।

উল্লেখ্য যে, কোন ফিডার পদধারী পদোন্নতি নিতে না চাইলে পদোন্নতি নিতে ইচ্ছুক নই মর্মে আবেদন করতে হবে।

১৩.০৬.২০২১

মোঃ এমদাদুল হক
পরিচালক

ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল: emdad1972@yahoo.com

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। পরিচালক (সকল).....উইং, বিবিএস, ঢাকা।
- ২। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএসএর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
- ৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)
- ৪। স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
- ৫। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
- ৬। গার্ড নথি/অফিস কপি।